গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নোয়াখালী সদর, নোয়াখালী

নম্বর-০৫.৪২.৭৫৮৭.০০০.৫১.০০১.২৪- ১০৭ তারিখ : ২১-০১-২০২৪ খ্রি.

## বদ্ধ জলমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

নোয়াখালী জেলার নোয়াখালী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন ও ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন ২০(বিশ) একর পর্যন্ত খাস বদ্ধ জলাশয়সমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯' অনুযায়ী ইজারা প্রদানের নিমিত্ত শর্ত সাপেক্ষে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি হলে নীতিমালা অনুযায়ী নির্ধারিত সরকারি দপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে।

### অনলাইনে আবেদনপত্র দাখিলের তারিখ ও সময়সীমা

| ক্রমিক নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | নিম্নোক্ত ওয়েবসাইট থেকে অনলাইনে আবেদন করুন www.jm.lams.gov.bd | ০৯ মাঘ - ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ<br>২৩ জানুয়ারী -১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল | ০৩ ফাল্গুন ১৪৩০ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবস<br>১৮-২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. |

### ১৪৩১-১৪৩৩ বাংলা সনে ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ

| ক্র: নং | জলমহালের নাম | পৌরসভা/ ইউনিয়ন | মৌজার নাম | দাগ নং (বিএস) | পরিমাণ | ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পিটিআই এর অভ্যন্তরস্থ দিঘী | পৌরসভা | ১০৯ নং মাইজদী | ২৫০০৪ | ২.৫৫০০ একর | ৭০,৮৭৫/- |
| | | | ১০৫ নং মধুসুধনপুর | ৬০২ | | |
| ০২ | সোনাপুর অফিসার্স কলোনী দিঘী | পৌরসভা | ৮৫ নং সোনাপুর | ১০৮৪, ৪০০৩ | ৭.০৪০০ একর | ২,০২,৬৫০/- |

### ইজারা প্রদানের শর্তাবলী:

০১। আবেদনপত্র অনলাইনে দাখিল করতে হবে (www.jm.lams.gov.bd) এবং দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টকপি ও অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মূলকপি উপজেলা নির্বাহীর অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর এ দাখিল করতে হবে।

০২। নির্দিষ্ট জলমহালের ক্ষেত্রে নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত যে সকল মৎস্যজীবী সমিতি বা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত কেবল মাত্র সে সকল সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নয় এমন কোন সদস্য থাকেন, তাহলে সে সমিতি জলমহাল ইজারা প্রাপ্তির অযোগ্য বিবেচিত হবেন।

০৩। ২০.০০ একর পর্যন্ত জলমহাল/পুকুর ইজারা প্রদানের জন্য কোন মৎস্যজীবী সমবায় সমিতি না পাওয়া গেলে, সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী বসবাসরত বেকার, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/যুব মহিলা/বিধবা ও স্বামী পরিত্যক্তা/আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য ও দরিদ্র এবং অসচ্ছল ব্যক্তি সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর তিন বছর মেয়াদে ইজারার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৪। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন /সমিতি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না।

০৫। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন না পাওয়া গেলে সেক্ষেত্রে পার্শ্ববর্তী জেলা বা উপজেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে বন্দোবস্ত/ইজারা প্রদানের জন্য বিবেচনা করা হবে।

০৬। বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে অনলাইনে আবেদন করা যাবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং বিগত ২(দুই) বছরের অডিট রিপোর্ট আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

Alahan

Scanned with CamScanner

০৭। আবেদনকারী সংগঠন/সমিতি নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা(ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

০৮। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে অনলাইনে http://jm.lams.gov.bd/application লিংকে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির কমিটি, গঠনতন্ত্রের কপি,সমিতির সভার কার্যবিবরণী, সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, জামানত বাবদ প্রদেয় ব্যাংক ড্রাফট/পে অর্ডার কপিসহ সহ প্রয়োজনীয় তথ্য সংযোজন করতে হবে। সংশ্লিষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতিকে (০৩ বছরের) সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল ইজারা প্রাপ্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

০৯। বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, নোয়াখালী সদর এর অনুকূলে জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির লীজমানির সাথে উক্ত অর্থ সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১০। মৎস্য চাষী সংগঠন/সমিতির সাথে কোন প্রকার জঙ্গি সম্পৃক্ততা থাকলে কিংবা সময়মত লীজমানি পরিশোধ না করা কিংবা তথ্য গোপন কিংবা অন্য কোন অনিয়মের কারনে কমিটি লীজ বাতিল করে পুনঃলীজ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করে।

১১। ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব লীজ অথবা অন্য কারো কাছে হস্তান্তর করা যাবে না। হস্তান্তরের উপযুক্ত প্রমাণ পাওয়া গেলে উক্ত লীজ বাতিল পূর্বক জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১২। কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি ২(দুই)টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না।

১৩। ইজারা/বন্দোবস্ত গ্রহীতাকে বিধি অনুযায়ী ভ্যাট ও আয়করের টাকা জমা প্রদানপূর্বক ইজারা প্রাপ্তির ১৫(পনের) কার্য দিবসের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতা চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

১৪। বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ লা বৈশাখ থেকে কার্যকর হবে। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। উক্ত জলমহালের সকল অধিকার,স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের উপর ন্যস্ত হবে।

১৫। আবেদনপত্র অনুমোদন প্রাপ্তির ক্ষেত্রে বিলম্ব হলে এ বিলম্বের কারণে কোনভাবেই ইজারার মেয়াদকাল বৃদ্ধির কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৬। জলমহালের ইজারা বন্দোবস্ত সম্পর্কিত তথ্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালী সদর এর কার্যালয় হতে অফিস চলাকালীন সংগ্রহ করা যাবে।

১৭। আবেদনপত্রসমূহ কেবলমাত্র ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত কার্যালয়ে নির্দিষ্ট সময়সীমার মধ্যে দাখিল করা যাবে।

১৮। বর্তমান প্রচলিত নীতিমালা এবং সংশ্লিষ্ট বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/নীতিমালা/পরিপত্র ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

১৯। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

Aahan
২৯/০১/২৪
আখিনূর জাহান নীলা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নোয়াখালী সদর,নোয়াখালী

Scanned with CamScanner

নম্বর-০৫.৪২.৭৫৮৭.০০০.৫১.০০১.২৪- ১০৭ তারিখ : ২১-০১-২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় সংসদ সদস্য, নোয়াখালী-০৪, নোয়াখালী।

২. জেলা প্রশাসক, নোয়াখালী।

৩. মেয়র, নোয়াখালী পৌরসভা, নোয়াখালী।

৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নোয়াখালী সদর, নোয়াখালী।

৫. উপজেলা .......................... কর্মকর্তা (সকল), নোয়াখালী সদর, নোয়াখালী।

৬. অফিসার ইন চার্জ, সুধারাম মডেল থানা, নোয়াখালী।

৭. চেয়ারম্যান, .......................... ইউপি (সকল), নোয়াখালী সদর, নোয়াখালী।

৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,............................(সকল), নোয়াখালী সদর, নোয়াখালী। (বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনসহ মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের জন্য বলা হলো)

৯. জনাব ........................................................................... ।

১০. সম্পাদক, .................................................................। (বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে পত্রিকার ভেতরের পাতায় একটি মাত্র সংখ্যায় প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১১. অফিস কপি।

21/01/2024

মো: বায়েজীদ-বিন-আখন্দ
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নোয়াখালী সদর, নোয়াখালী

Scanned with CamScanner